পবিপ্রবিতে মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত

written by Chandradip News24 | December 17, 2024

মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পবিপ্রবি) বর্ণাঢ্য আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১৭ ডিসেম্বর) বেলা সাড়ে ১১টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটোরিয়ামে এ সভা আয়োজন করা হয়।

বিজয় দিবস উদযাপন কমিটির সভাপতি ও বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রফেসর ড. মোঃ মামুন অর রশিদের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী রফিকুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন প্রো-ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এসএম হেমায়েত জাহান এবং ট্রেজারার প্রফেসর মোঃ আবদুল লতিফ।

সভাটি পরিচালনা করেন ডেপুটি রেজিস্ট্রার ড. মোঃ আমিনুল ইসলাম টিটো। স্বাগত বক্তব্য রাখেন প্রফেসর মোঃ জামাল হোসেন। এছাড়া আলোচনায় অংশ নেন প্রফেসর ড. মোঃ মামুনুর রশীদ, প্রফেসর ড. মোঃ জিল্লুর রহমান, প্রফেসর ড. মোঃ হাবিবুর রহমান, প্রফেসর মোঃ সুজাহাঙ্গীর কবির সরকার, প্রফেসর মোঃ আবুল বাশার খান, প্রফেসর

ড. শেখ আব্দুল্লাহ আল মামুন এবং প্রফেসর ড. মোঃ মাসুদুর রহমান।

কর্মকর্তাদের পক্ষ থেকে বক্তব্য রাখেন সহকারী রেজিস্ট্রার মোঃ রিয়াজ কাঞ্চন শহীদ এবং মোঃ মাহবুবুর রহমান। শিক্ষার্থীদের পক্ষে বক্তব্য দেন তানভীর আহমেদ, সোহেল রানা, ফিয়াদুল হাসান এবং বায়জিদ আহমেদ।

সভায় প্রধান অতিথি প্রফেসর ড. কাজী রফিকুল ইসলাম তাঁর বক্তব্যে মুক্তিযুদ্ধের সময় শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের নেতৃত্ব, কৌশলগত পরিকল্পনা ও অসামান্য অবদানের কথা তুলে ধরেন। তিনি বলেন, “১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে তাঁর পরিকল্পনা ও নেতৃত্ব মুক্তিবাহিনীকে সাহস জুগিয়েছে এবং মুক্তিযুদ্ধের প্রতিটি বিজয়ে তাঁর ভূমিকা অনন্য।”

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী এবং কর্মচারীরা উপস্থিত ছিলেন।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম

পটুয়াখালীতে হানাদার মুক্ত দিবসে আলোচনা সভা ও দোয়া- মোনাজাত

written by Chandradip News24 | December 17, 2024

পটুয়াখালীতে যথাযোগ্য মর্যাদায় হানাদার মুক্ত দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে রোববার (৮ ডিসেম্বর) জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে আলোচনা সভা ও দোয়া-মোনাজাত অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসন ও মুক্তিযোদ্ধা সংসদের আয়োজনে আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক আবু হাসনাত মোহাম্মদ আরেফীন। বক্তব্য রাখেন পুলিশ সুপার মো. আনোয়ার জাহিদ, বীর মুক্তিযোদ্ধা এস.এ জকির হিরু, পটুয়াখালী সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর মোদাচ্ছের বিল্লাহ, একেএম কলেজের অধ্যক্ষ প্রফেসর সাইফুল মজিদ বাহার, জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট এটিএম মোজাম্মেল হোসেন তপন এবং সেক্টর কমান্ডার্স ফোরামের সভাপতি মো. মফিজুর রহমান খান।

বক্তারা ভুয়া মুক্তিযোদ্ধাদের শনাক্ত করে তাদের সনদ বাতিল, ভাতা গ্রহণকারীদের টাকা ফেরত প্রদান, এবং যারা এই প্রক্রিয়ায় সহায়তা করেছেন তাদের শাস্তির দাবি জানান। সেই সাথে প্রকৃত মুক্তিযোদ্ধাদের সঠিক তালিকা প্রণয়নের ওপর গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানে মুক্তিযোদ্ধাদের অবদান ও ত্যাগের প্রতি গভীর শ্রদ্ধা জানানো হয়। পরে শহীদ মুক্তিযোদ্ধাদের স্মরণে বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

এর আগে সকাল সাড়ে ৯টায় মুক্তিযোদ্ধা স্মৃতি সৌধে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শহীদ মুক্তিযোদ্ধাদের প্রতি শ্রদ্ধা জানানো

হয়।

অনুষ্ঠানে মুক্তিযোদ্ধাসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম